

দৈনিক ইত্তেফাক

NOV. 22 1992

তারিখঃ ২২ নভেম্বর ১৯৯২
পৃষ্ঠা ১০

ইসলামী ভাসিটির ২৩তম প্রতিষ্ঠা বার্ষিকী আজ

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-
দাতা ॥ আজ ২২ নভেম্বর ইসলামী
বিশ্ববিদ্যালয়ের ২৩ তম প্রতিষ্ঠা
বার্ষিকী। ১৯৭৯ সালে তৎকালীন
রাষ্ট্রপতি জিয়াউর রহমান কুষ্টিয়া-
ঝিনাইদহের সীমান্তে বিশ্ববিদ্যাল-
য়ের ভিত্তিপ্রস্তর স্থাপনের পর দেশের
রাজনৈতিক পট পরিবর্তন সরকারের
এক আদেশবলে বিশ্ববিদ্যালয়কে
নিয়ে যাওয়া হয় গাজীপুরের বোড
বাজারস্থ ক্যাম্পাসে। ১৯৮৫-৮৬
শিকাবর্গে মাত্র ২টি অনুষদে ৪টি
বিভাগে ৩শ ছাত্র নিয়ে শিক্ষাক্রম
শুরু হয়। তীব্র আন্দোলনের
মুখে ১৯৯০ সালে আবার বিশ্ব-
(১০ম পৃঃ ডঃ)

ইসলামী ফাসিটির (১১শ পৃঃ পর)

বিদ্যালয়কে গাজীপুর থেকে কুষ্টিয়া
শহরের কয়েকটি ভাড়া করা বাড়ী
নিয়ে গঠিত অস্থায়ী ক্যাম্পাসে
স্থানান্তর করা হয়। ১৯৯২ সালের
১ নভেম্বর বিশ্ববিদ্যালয়টি তার ১৩
বছরের বায়াবর জীবনের অবসান
ঘটিয়ে চলে আসে বর্তমান শান্তি-
ডাঙ্গা-দুলালপুরের মূল ক্যাম্পাসে।
বর্তমানে বিশ্ববিদ্যালয়ে ৫টি অনু-
ষদের অধীনে ১৮টি বিভাগে
ছাত্র-ছাত্রীর সংখ্যা ৮ হাজার।
প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বিশ্ব-
বিদ্যালয় কর্তৃপক্ষ ছাড়াও বিভিন্ন
সংগঠন ও ছাত্র ছাত্রী এবং সাংসা-
দিক সমিতি বিভিন্ন কর্মসূচী হাতে
নিয়েছে।